উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২. ৬৯৮

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০ / ০৭ আগস্ট ২০২৩

বিষয়: জুলাই, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের জুলাই, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৭/০৮/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০৮-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩,২৪২ | ১০,০৭১ | ৩,১৭১ | |
| মোট | ১৩,২৪২ | ১০,০৭১ | ৩,১৭১ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৭০ | ৪০৮ | ১৯৫৯ | ৬৩৪ | ৩,১৭১ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১৪৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬৯৭.৪৩<br>(ছয়শত সাতানব্বই কোটি তেতাল্লিশ লক্ষ টাকা) | ৪.৭৮৮৫<br>(চার কোটি আটাত্তর লক্ষ পঁচাশি হাজার টাকা)<br>২% | - | - |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৪১০টি<br>অগ্রিম- ২৪৬টি<br>মোট- ৬৫৬টি | ৬২১,১৮,১১,৫১৩/-<br>৭৪৮,৬৬,২৯,৭১৮/-<br><br>১৩৬৯,৮৪,৪১,২৩১/-<br>(এক হাজার তিনশত উনসত্তর কোটি চুরাশি লক্ষ একচল্লিশ হাজার দুইশত একত্রিশ টাকা) | সাধারণ-১৮০টি<br>অগ্রিম- ২৩২টি<br>মোট- ৪১২টি | - | সাধারণ-৪১০টি<br>অগ্রিম- ২৪৬টি<br>মোট- ৬৫৬টি<br>টাকার পরিমান<br>৬২১,১৮,১১,৫১৩/-<br>৭৪৮,৬৬,২৯,৭১৮/-<br><br>১৩৬৯,৮৪,৪১,২৩১/-<br>(এক হাজার তিনশত উনসত্তর কোটি চুরাশি লক্ষ একচল্লিশ হাজার দুইশত একত্রিশ টাকা) | ১। বরিশাল বিভাগে ১২টি সাধারণ আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভা ২৩/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ১৩টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য মন্ত্রণালয় হতে ৮/৫/২০২৩ তারিখ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ২টি পত্রের মাধ্যমে ৩৩টি অডিট আপত্তির কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য ২১টি অডিট আপত্তির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ২৮/৪/২০২৩ তারিখ ৮৪ সংখ্যক পত্র যোগে প্রেরণ করা হয়েছে।<br>৫। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ১৪টি কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৩ | ০০ | ১০৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ৪৬ | ১০৩<br>১ম শ্রেণির ৩৬ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪১ টি,<br>৪র্থ শ্রেণির ২১ টি<br>মোট = ১০৩ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ১০৯৮৭ জন নারী প্রশিক্ষণার্থী-৪৩৯৫ জন পুরুষ প্রশিক্ষণার্থী-৬৫৯২ জন |
| ২ | ৫১ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৮ মে হতে ২৭ জুলাই ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৪ জন |
| ৩ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ১৬ হতে ১৮ জুলাই ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৮ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ১৯ জুলাই ২০২৩ তারিখ ১৫ জন প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে ০১ দিনের ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহন বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৭০ জন, ২য় শ্রেণির ৪০৮ জন, ৩য় শ্রেণির ১,৯৫৯ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১৭১ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ২০২৩-২৪ অর্থবছরে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ১ লক্ষ জন বৃদ্ধি করে ৫৮ লক্ষ ১ হাজার জনে এবং মাসিক ভাতার হার ১০০ টাকা বৃদ্ধি করে ৬০০ টাকায় উন্নীত করা হয়েছে। বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে ভাতার হার মাসিক ৬০০ টাকা হারে ক্যাশ আউট চার্জসহ মোট বরাদ্দ ৪২০৫ কোটি ৯৬ লক্ষ টাকা।

(০২) ২০২৩-২৪ অর্থবছরে বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতাভোগীর সংখ্যা ১ লক্ষ জন বৃদ্ধি করে ২৫ লক্ষ ৭৫ হাজার জনে এবং মাসিক ভাতার হার ৫০ টাকা বৃদ্ধি করে ৫৫০ টাকায় উন্নীত করা হয়েছে। বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে ভাতার হার মাসিক ৫৫০ টাকা হারে ক্যাশ আউট চার্জসহ মোট বরাদ্দ ১৭১১ কোটি ৪০ লক্ষ টাকা।

(০৩) ২০২৩-২৪ অর্থবছরে প্রতিবন্ধী ভাতার হার অপরিবর্তিত রেখে ভাতাভোগীর সংখ্যা ৫ লক্ষ ৩৫ হাজার জন বৃদ্ধি করে ২৯ লক্ষ জনে উন্নীত করা হয়েছে। বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে ভাতার হার মাসিক ৮৫০ টাকা হারে ক্যাশ আউট চার্জসহ মোট বরাদ্দ ২৯৭৮ কোটি ৭১ লক্ষ টাকা।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর সংখ্যা ১ লক্ষ জন এবং উচ্চতর স্তরে মাসিক উপবৃত্তির হার ১৩০০ টাকা অপরিবর্তিত রেখে উপবৃত্তির হার প্রাথমিক স্তরে ১৫০ টাকা বৃদ্ধি করে ৯০০ টাকায়, মাধ্যমিক স্তরে ১৫০ টাকা বৃদ্ধি করে ৯৫০ টাকায় এবং উচ্চ মাধ্যমিক স্তরে ৫০ টাকা বৃদ্ধি করে ৯৫০ টাকায় উন্নীত করা হয়েছে। বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে ক্যাশ আউট চার্জসহ মোট বরাদ্দ ১১২ কোটি ৭৪ লক্ষ টাকা।

(০৫) ২০২৩-২০২৪ অর্থবছরে অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বাজেটে 'পল্লী সমাজসেবা কার্যক্রম: আবর্তক ক্ষুদ্রঋণ' খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা, প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৭) ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৫ কোটি টাকার সংস্থান রয়েছে। ১ম কিস্তি বাবদ ০৬ কোটি ২৫ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।

(০৮) **২১ উপজেলার পল্লী সমাজসেবা** (আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন **কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষাকরণের লক্ষ্যে গত ২৫, ২৬ ও ২৭ জুলাই ২০২৩** সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে **একটি নিরীক্ষা কার্যক্রমের আয়োজন করা হয়েছে।**

(০৯) ২০২৩-২৪ অর্থবছরে শহর সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ১৫ কোটি টাকার মধ্যে আবর্তক ক্ষুদ্রঋণ খাতে ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ১ম কিস্তি বাবদ ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(১০) সকল প্রশিক্ষণ কার্যক্রম dss.nise.gov.bd সফটওয়্যারের মাধ্যমে সফলভাবে পরিচালনার জন্য a2i এর কারিগরি সহায়তায় চট্টগ্রাম ও রাজশাহী বিভাগের মোট ২৩ টি কার্যালয়ে জুম প্লাটফর্মে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।

(১১) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫৩৩টি হাসপাতালে জুলাই ২০২৩ মাসে মোট ৫৮ হাজার ৩৪৯ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৪ হাজার ২৫৪ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৪৪ হাজার ৯৫ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে জুলাই ২০২৩ মাসে সংগৃহীত ৫৩৩টি রোগীকল্যান সমিতির সর্বমোট আয় ১ কোটি ৬ লক্ষ ৬২ হাজার ৪৮৯ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ৭৩ লক্ষ ৫১ হাজার ৪৫৬ টাকা।

(১২) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় জুলাই ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৪৬৫ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ২৪০ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে আদালতে অব্যাহতির জন্য চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ৯১ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭৪ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ২০১ জন প্রবেশনারকে পুনর্বাসন করা হয়েছে। কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত মোট ২৯৭ জন ব্যক্তিকে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ৩৪৭ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জুলাই ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৫ লক্ষ ৯৬ হাজার ৮৮১ টাকা।

(১৩) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। জুলাই ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩০ লক্ষ ৭৩ হাজার ৮৫৭ জন।

(১৪) শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা কর্তৃক ২৯ মে ২০২৩ মূলে প্রেরিত এতিমখানাসমূহে বৃত্তিমূলক ট্রেড কোর্স চালুকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৫.০০১.২০.৫২ তারিখ ০৯ জুলাই ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) "পরিত্যাগকৃত শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০২৩" এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত কমিটির সভা ১২ জুলাই ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সমাজসেবা অধিদপ্তরের মেঘনা সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে।

(১৬) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবারসহ অন্যান্য আবাসিক প্রতিষ্ঠানের মধ্যে যে সকল প্রতিষ্ঠানে ২০২৩-২০২৪ অর্থবছরে বিধি মোতাবেক "ঙ" গ্রুপের দরপত্র অনুমোদিত হয়েছে, সে সকল প্রতিষ্ঠান হতে নির্ধারিত "ছক"-এ চাহিদাপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.০২.০০১.২০.৪৫১ তারিখ ১৩ জুলাই ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ২০২৩-২০২৪ অর্থবছরে সরকারি শিশু পরিবারসহ অন্যান্য আবাসিক প্রতিষ্ঠানে মেধাবৃত্তি প্রস্তাব নির্ধারিত ছক মোতাবেক ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১ .১৮.৫৩ তারিখ ১৬ জুলাই ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ২০২৩-২০২৪ অর্থবছরে বেসরকারি এতিমখানার নিবাসিদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট (সরকারি অনুদান) ১ম কিস্তির (জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত) বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত তালিকা প্রেরণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.৭৫ তারিখ ২০ জুলাই ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) গ. আগামী ২ মাসে (আগস্ট ২০২৩ ও সেপ্টেম্বর ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির অর্থ ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করা হবে। নিয়মিত উপকারভোগীর সকল ভাতা ও উপবৃত্তির অর্থ তাদের মোবাইল হিসাব নম্বরে প্রেরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত ৭ লক্ষ ৩৫ হাজার জনের আবেদন গ্রহণ এবং ভাতাভোগী নির্বাচনের কাজ চলমান থাকবে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরে অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বাজেটে 'পল্লী সমাজসেবা কার্যক্রম: আবর্তক ক্ষুদ্রঋণ' খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা, প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ পঁচাত্তর হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ক্ষুদ্রঋণের কার্যক্রমভুক্ত প্রকল্প গ্রামে সাইনবোর্ড ও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স এ বরাদ্দকৃত সমাজসেবা কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় সংক্রান্ত বরাদ্দ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৫) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নিবন্ধনের জন্য ৮০ টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের চাহিত যাবতীয় কাগজপত্র প্রেরণের প্রেক্ষিতে এ পর্যন্ত মোট ৪৬টি কেন্দ্র নিবন্ধিত হয়েছে এবং অন্যান্য কার্যালয়সমূহের নিবন্ধন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া জুলাই-ডিসেম্বর ২০২৩ সেশন থেকে নিবন্ধিত কার্যালয়সমূহে NSDA অনুমোদিত নতুন ট্রেড চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(০৬) ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ১ম কিস্তি বাবদ ০৬ কোটি ২৫ লক্ষ ছাড়করণের আদেশ প্রাপ্তি সাপেক্ষে বিল সমাজকল্যান মন্ত্রণালয় সম্পর্কিত চিফ একাউন্টস এন্ট ফিন্যান্স অফিসারের নিকট প্রেরণ করা হবে।

(০৭) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৮) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (আগস্ট ২০২৩ ও সেপ্টেম্বর ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

৬/৮/২৩

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।
৬/৮/২৩

৬/৮/২৩

আদিবা মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।